

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নম্বর-১৪

তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০১৫
১৫ পৌষ, ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মেয়াদী ঋণ/লিজ হিসাবের মেয়াদ বর্ধিতকরণ সংক্রান্ত নির্দেশনা

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু আর্থিক প্রতিষ্ঠান ঋণ/লিজ হিসাব পুনর্গঠনের নামে অযৌক্তিকভাবে বারবার বিদ্যমান ঋণ/লিজ এর মেয়াদ বৃদ্ধি করছে, যা আর্থিক খাতের সুশাসনের পরিপন্থী। এখন হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মেয়াদী ঋণ/লিজ হিসাবের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে-

- ক) কেবলমাত্র Standard বা Special Mention Account (SMA) মানের ঋণ/লিজ হিসাবের মেয়াদ বৃদ্ধি করা যাবে;
- খ) মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত কমপক্ষে উক্ত ঋণ/লিজ অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে; এবং
- গ) ঋণ/লিজ সুবিধার মেয়াদ বৃদ্ধির সময়সীমা কোনক্রমেই অবশিষ্ট মেয়াদের (Current Remaining Time to Maturity) ২৫ শতাংশের বেশি হবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮